# সহীহ দুআ ও যিক্‌র

বিভাগ/অধ্যায়ঃ শয়তানের কুমন্ত্রণা ও অনিষ্ট হতে রক্ষা পেতে এবং শয়তান বিতাড়ণ করতে

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

শয়তানের কুমন্ত্রণা ও অনিষ্ট হতে রক্ষা পেতে এবং শয়তান বিতাড়ণ করতে

১।

أَعُوذُ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ

উচ্চারণ-আউযু বিল্লাহি মিনাশ শায়ত্বা-নির রাজীম।

অর্থ-আমি আল্লাহর নিকট বিতাড়িত শয়তান হতে আশ্রয় প্রার্থনা করছি।

২। আযান শুনলেও শয়তান দুরে সরে যায়।

৩। সকাল-সন্ধ্যায় যিকর, শয়নকালে যিকর, ঘরে প্রবেশকালে যিকর, কুরআন মাজীদ, বিশেষ করে সূরা ফালাক্, নাস, বাক্বারাহ, আয়াতুল কুরসী ইত্যাদি পাঠ করলে শয়তান পলায়ন করে। নামাযে শয়তানের কুমন্ত্রণা বুঝলে প্রথমোক্ত দুআ পড়ে বাম দিকে তিনবার থুথু মারলে তা দূর হয়ে যাবে। (মুসলিম ৪/ ১৭২৯)।

৪।

قُلْ أَعُوذُ بِكَلِمَاتِ اللَّهِ التَّامَّاتِ الَّتِي لَا يُجَاوِزُهُنَّ بَرٌّ وَلَا فَاجِرٌ، مِنْ شَرِّ مَا خَلَقَ وَبَرَأَ وَذَرَأَ وَمِنْ شَرِّ مَا يَنْزِلُ مِنْ السَّمَاءِ، وَمِنْ شَرِّ مَا يَعْرُجُ فِيهَا، وَمِنْ شَرِّ مَا ذَرَأَ فِي الْأَرْضِ، وَمِنْ شَرِّ مَا يَخْرُجُ مِنْهَا، وَمِنْ شَرِّ فِتَنِ اللَّيْلِ وَالنَّهَارِ، وَمِنْ شَرِّ كُلِّ طَارِقٍ إِلَّا طَارِقًا يَطْرُقُ بِخَيْرٍ يَا رَحْمَانُ

উচ্চারণঃ আউযু বিকালিমা-তিল্লা-হিত তা-ম্মা-তিল্লাতী লা য়্যুজাবিযুহুন্না বাররুউ অলা ফাজিরুম মিন শাররি মা খালাক্বা অবারাআ অযারাআ, অমিন শাররি মা য়্যানযিলু মিনাস সামা-ই, অমিন শাররি মা য়্যা’রুজু ফীহা, অমিন শাররি মা যারাআ ফিল আরযি,অমিন শাররি মা য়্যাখরুজু মিনহা, অমিন শাররি ফিতানিল লাইলি অন্নাহার, অমিন শাররি কুল্লি ত্বা-রিক্বিন ইল্লা ত্বা-রিকাই য়্যাতরুকু বিখাইরিই ইয়া রাহমান।

অর্থঃ আমি আল্লাহর সেই পরিপূর্ণ বাণীসমূহের অসীলায় (আল্লাহর নিকট) আশ্রয় প্রার্থনা করছি যা কোন সৎ বা অসৎ ব্যক্তি অতিক্রম করতে পারে না সেই বস্তুর অনিষ্ট হতে যা তিনি সৃষ্টি করেছেন, সেই বস্তুর অনিষ্ট থেকে যা আকাশ থেকে অবতরণ করে এবং যা তার প্রতি উত্থিত হয়। যা তিনি পৃথিবীতে সৃষ্টি করেছেন ও যা পৃথিবী হতে নির্গত হয়। (আশ্রয় চাচ্ছি) রাত্রি ও দিবার বিভিন্ন ফিতনা হতে এবং প্রত্যেক নিশাচরের অনিষ্ট হতে যে কোন কল্যাণ ছাড়া রাত্রি কালে আসে যায়। হে করুণাময়! (মুঃ আহমাদ / ৪১৯, মাজমাউয যাওয়ায়েদ ১০/ ১২৭)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11735

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন